

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয়  
কার্যালয়, রাজশাহী  
dnrcrp.rajshahidiv.gov.bd



নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২২.২০

তারিখ: ১৯ পৌষ ১৪২৮

০৩ জানুয়ারি ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ০৩ জানুয়ারি ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০১টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের বোয়ালিয়া থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ০৩/০১/২০২২ খ্রি: তারিখে ও সহকারী পরিচালক (মেট্রো) জনাব ওসমান গনী এর নেতৃত্বে রাজশাহী মহানগরের বোয়ালিয়া থানাধীন এলাকায় অভিযান পরিচালিত হয়। সহকারী পরিচালক (মেট্রো) জনাব ওসমান গনী রেলগেইট এলাকায় হৃদয় ফল ভান্ডার কে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী ১,০০০/- টাকা এবং মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রয় ও বিক্রয়ের জন্য সংরক্ষণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫১ অনুযায়ী ১,০০০/- টাকা জরিমানা করেন। তিনি গণকপাড়া এলাকায় বেঙ্গল বেকারী এন্ড পেস্ট্রি শপ কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য, মেয়াদোত্তীর্ণের তারিখ ব্যবহার না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৪,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০১টি অভিযানে সর্বমোট ৬,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় এবং আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

৩-১-২০২২

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০৭২১-৭৭২৭৭৪

ফ্যাক্স: ০৭২১-৭৭৫৪০৬

ইমেইল: dd-

rajshahi@dnrcrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী/নাটোর।

- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী/নাটোর।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, নাটোর জেলা কার্যালয়।
- ৯) অফিস কপি।